জ্বরের উৎপত্তি জাহান্নামের তীব্রতা থেকে, অতএব তোমরা তা পানি দ্বারা ঠাণ্ডা কর।

আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “জ্বর জাহান্নামের তীব্র উত্তাপের অংশ বিশেষ। অতএব, তোমরা তা পানি দ্বারা ঠাণ্ডা
কর।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানিয়ে দেন যে, জ্বর জাহান্নামের তাপের তীব্রতার অংশ। অসুস্থ ব্যক্তি যে তাপ অনুভব করে, সেটা তারই অংশ। আর পানি দ্বারা সেই তাপ দূর হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/8408